গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের এপ্রিল ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মো: আনোয়ার হোসেন, যুগ্মসচিব (পার) ও চিফ ইনোভেশন অফিসার এর দায়িত্বে, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)।
তারিখ ও সময় : ২৬.০৪.২০১৮ খ্রিঃ, বেলা: ১২:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রশাসনে ইনোভেশনের গুরুত্ব তুলে ধরে বলেন, ইনোভেশন একটি চলমান প্রক্রিয়া। ইনোভেশনের মাধ্যমে স্বাস্থ্য সেবা আরো সহজতরভাবে মানুষের দোড়গোড়ায় পৌছানো সম্ভব। টেকসই উন্নয়ন অভীষ্টগুলোতে পৌছাতে হলে মাঠ পর্যায়সহ দেশের সকল স্তরের প্রশাসনের ইনোভেশনর গুরুত্ব অপরিসীম। তিনি সচিব মহোদয়ের সভাপতিত্বে মাঠ পর্যায়ের ইনোভেশনগুলোকে বাছাই করে শোকেসিং এর ব্যবস্থা করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি অধিদপ্তর/দপ্তরসমূহে নিয়মিত মাসিক সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান।

০২. **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে জনাব মো: লুৎফর রহমান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। সভাপতি কার্যবিবরণীর সিদ্ধান্তের সাথে বাস্তবায়নকারী কর্তপক্ষের নাম উল্লেখ করার জন্য নির্দেশনা প্রদান করেন। আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

০৩. **ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণঃ** সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তরসমূহকে বছরে ইনোভেশন সংক্রান্ত ২ (দুই) ও ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি প্রশিক্ষণার্থীদের নিকট প্রশিক্ষণের উদ্দেশ্য তুলে ধরার উপর গুরুত্বারোপ করেন। তিনি বিগত পাঁচ বছরে মন্ত্রণালয়ের মানব সম্পদ বিষয়ক অপারেশনাল প্ল্যানে প্রশিক্ষণ খাতে কত টাকা ব্যয় হয়েছে? কতজনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং তাতে কি অর্জন/ অগ্রগতি হয়েছে। আগামী পাঁচ বছরে কত ব্যয় হবে? এবং স্বাস্থ্য খাতে প্রশিক্ষণগুলোর কার্যকারিতা নিরুপনের জন্য HR কে অনুরোধ করেন। তিনি ১৯টি অপারেশনাল প্ল্যান বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তাদের জানার বিষয়ে মতামত ব্যক্ত করেন। তিনি প্রশিক্ষণের বাজেটের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

০৪. **রেপ্লিকেশনের অগ্রগতি:** সভাপতি রেপ্লিকেশনের অগ্রগতির বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) জানান, "কমিউনিটিতে মা ও শিশু স্বাস্থ্য ব্যবস্থার মাধ্যমে মা ও শিশু মৃত্যুর হার কমানো" প্রকল্পটি দেশের ২৬ জেলা/উপজেলায় রেপ্লিকেশনের ব্যবস্থা গ্রহন করা হয়েছে এবং "সরকারি হাসপাতালে বহিঃ বিভাগে সেবা প্রদান সহজীকরণ" প্রকল্প রেপ্লিকেশনের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৫. **শোকেসিং ওয়ার্কশপ:** জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) জানান যে, গত শোকেসিং এ অনির্বাচিত প্রকল্পগুলোসহ এ পর্যন্ত ৩৬টি প্রকল্প মন্ত্রণালয়ে জমা পড়েছে। এর মধ্য হতে শোকেসিং'র জন্য প্রকল্প বাছাই করতে হবে। তবে সভাপতি বিভিন্ন অধিদপ্তরসমূহ থেকে নতুন প্রকল্পের নাম সংগ্রহ করে একটি নতুন তালিকা তৈরি করতে পরামর্শ প্রদান করেন। সভাপতি মে ২০১৮ মাসের মধ্যে শোকেসিং ওয়ার্কশপ আয়োজনের জন্য অনুরোধ জানান। তিনি উপসচিব (মনিটরিং ও সমন্বয়) কে সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর প্রধান, ইনোভেশন টিমের সদস্য এবং ইনোভেটরদের সমন্বয়ে এপ্রিল-মে, ২০১৮ মাসের মধ্যে তিনটি প্রকল্প বাছাই সভা আয়োজনের জন্য অভিমত ব্যক্ত করেন। উক্ত সভায় ইনোভেটরগণ তাদের প্রকল্পগুলোর কার্যক্রম উপস্থাপন করবেন।

০৬. **মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহের অগ্রগতি:** সভাপতি মহোদয় মাঠ পর্যায়ের ইনোভেশন প্রকল্পের অগ্রগতি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের সহকারী পরিচালক শাহিনুর বেগম জানান যে, Personal Data Sheet সহজীকরণ প্রকল্পটি খুলনা নার্সিং কলেজে পাইলটিং করা হয়েছে। আরো ৪টি নার্সিং কলেজে পাইলটিং এর জন্য সফট্ওয়ার ইনস্টলেশন করা হয়েছে। সভাপতি অধিদপ্তরে Personal Data Sheet বাস্তবায়নের জন্য অনুরোধ করেন।

০৭. **মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের Database তৈরি:** সভাপতি মন্ত্রণালয়ের নিজস্ব কর্মকর্তা/কর্মচারীদের Database তৈরির জন্য সিস্টেম এনালিস্টকে নির্দেশ প্রদান করেন। তিনি মানব সম্পদ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।

০৮. **হেল্প ডেস্ক চালু:** সভাপতি দর্শনার্থীদের তথ্য প্রদানের জন্য মন্ত্রণালয়ে একটি হেল্প ডেস্ক চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসন-২ কে নির্দেশনা প্রদান করেন। এছাড়াও অফিসারগণের নাম, পদবী ও কক্ষ নং সম্মিলিত অনুবিভাগ ভিত্তিক তালিকা বোর্ড তৈরি করার জন্য তিনি প্রশাসন-১ ও প্রশাসন-২ কে অনুরোধ জানান। তিনি নির্দেশিকা বোর্ডটি মন্ত্রণালয়ের প্রবেশ পথের সুবিধাজনক অবস্থানে রাখতে পরামর্শ প্রদান করেন ।

০৯. **বিবিধ:** সভাপতি জানান যে, স্বাস্থ্য খাতে সফলতা ও বিফলতা উভয়ই রয়েছে। এগুলো নিয়ে স্বাস্থ্য বিভাগকে এগিয়ে যেতে হবে। স্বাস্থ্য খাতে মনিটরিং ব্যবস্থা এখনো আশানুরূপ নয়। তিনি নতুন নতুন ইনোভেশনের মাধ্যমে স্বাস্থ্য সেবা খাতের মনিটরিং ব্যবস্থা আরো ফলপ্রদ করতে হবে মর্মে জানান।

১০. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১০.১ | স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; | অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ১০.২ | মন্ত্রণালয় ও অধিদপ্তরকে প্রতি অর্থ বছরে ইনোভেশন কর্মপরিকল্পনা অনুসারে ০২ (দুই) ও ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে; | প্রশাসন অনুবিভাগ/ অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ১০.৩ | বিগত ০৫ (পাঁচ) বছরে মানবসম্পদ বিষয়ক অপারেশন প্ল্যানে প্রশিক্ষণ খাতে কত টাকা ব্যয় হয়েছে, কতজনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে, কি অর্জন/অগ্রগতি হয়েছে, আগামী ০৫ (পাঁচ) বছর কত ব্যায় হবে তা উল্লেখ করতে হবে; | মানব সম্পদ অধিশাখা |
| ১০.৪ | প্রাপ্ত ৩৬টি প্রকল্পের মধ্যে ২টি অথবা ৩টি প্রকল্প বাছাইয়ের (Project Scrutiny) জন্য সভার আয়োজন করতে হবে; | প্রশাসন-৪ অধিশাখা |
| ১০.৫ | জুন, ২০১৮ মাসের মধ্যে শোকেসিং ওয়ার্কশপের জন্য সচিব, মহাপরিচালকগণ ও ইনোভেটরদের সমন্বয়নে সভা আয়োজন করতে হবে; | উপসচিব (প্রশাসন-৪)/অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ১০.৬ | সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ-কে মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ Human Resource সংক্রান্ত Database Software প্রস্তুত করতে হবে; মানব সম্পদ অধিশাখাকে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। | সিস্টিম এনালিস্ট/মানব সম্পদ বিভাগ |
| ১০.৭ | দর্শনার্থীদের সেবা সহজীকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় একটি হেল্প ডেস্ক গঠন করতে হবে; | প্রশাসন-১ ও প্রশাসন-২ |
| ১০.৮ | কর্মকর্তাদের নাম, পদবী, অনুবিভাগ ভিত্তিক শাখা/অধিশাখার নাম ও রুম নম্বর সম্বলিত নির্দেশিকা বোর্ড তৈরী করে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে। | প্রশাসন-১ ও প্রশাসন-২ |
| ১০.৯ | স্বাস্থ্য সেবা খাতকে আরো ফলপ্রসূ করতে মনিটরিং ব্যবস্থাকে আরো জোরদার করতে হবে। | উপসচিব (প্রশাসন-৪) |

১১. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ০৮.০৫.২০১৮
(মো: আনোয়ার হোসেন)
যুগ্মসচিব (পার)
স্বাস্থ্য সেবা বিভাগ

স্মারক নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-১৪৮

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৫ / ০৯ মে ২০১৮

সভার কার্যবিবরণী সদয় অবগতিও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল:

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. উপসচিব, মানবসম্পদ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৩. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৪. উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৫. উপসচিব, নার্সিং-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৭. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৮. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টেমো), ঢাকা।

<u>সদয় অবগতি ও কার্যার্থে:</u>

১. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

(মো: লুৎফর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৬২
ই-মেইল: monitor@mohfw.gov.bd

D:\ADMIN-4\inovation 001.2016 (45.141.093.00.00.008.2016)\Letter.docx